WWW.ASKNETWORK.NET

Bengali

/INTRODUCING ASK NETWORK/

সব জাতির জন্য মুনাজাত করতে সব প্রজন্মকে একত্র করছি, আল্লাহ্‌র কাছে চাইছি যেন তিনি সেই কাজ করেন, যা কেবল তিনিই করতে পারেন, এবং তিনি আমাদের কাছে যা চান, তা-ই করছি।

এই কার্ডের সামনের পাতার লক্ষ্য-বিবৃতিটি একটি দাওয়াত; যারা ঈসা মসীহ্‌কে প্রভু ও নাজাতদাতা হিসাবে ঈমান এনেছে, তাদের সবাইকে জামাত, সমাজ ও সব জাতির জন্য মুনাজাত করতে ডাকা হচ্ছে।



আল্লাহ্‌ আমাদের সবাইকে দাওয়াত দিচ্ছেন যেন আমরা তাদের জন্য মুনাজাত করি।

ASK Network-এর প্রতি আল্লাহ্‌র বিশেষ আহ্বান হল:

আল্লাহ্‌র এবাদত করা
আল্লাহ্‌র কথা শোনা
আল্লাহ্‌র কালাম সহ মুনাজাত করা
আল্লাহ্‌র বাধ্য হওয়া
আল্লাহ্‌কে শুকরিয়া জানানো

আমরা ঐক্যবদ্ধ হওয়াকে বেছে নিই —

প্রথমে তাঁর সংগে, তারপর যখনই সম্ভব অন্যদের সংগে। ইশাইয়া ৫৫:৬, মথি ১৮:১৮-২০। আপনার সংগে মুনাজাত করতে অন্যদেরও দাওয়াত দিন!

আমরা আস্ক'কে বেছে নিই —

আল্লাহ্‌ তাঁর নম্রতায় আমাদের দাওয়াত দিয়েছেন, যেন আমরা রোজা রেখে তাঁর কালাম সহকারে মুনাজাত করে তাঁর অংশীদার হই। সারা দুনিয়াতে তাঁর রাজ্যের উদ্দেশ্য পূরণে খেদমত করার জন্যই ASK Network আছে। মথি ৭:৭-৮; ইউহোন্না ১৫:৭-৮

আমরা দু’ভাবে এই কাজ করি:

শিক্ষা-উপকরণ, মুনাজাতের সহায়ক উপকরণ ও সমাবেশের মধ্য দিয়ে আল্লাহ্‌র বান্দাদের প্রস্তুত করা (www.ASKnetwork.net দেখুন)। যে কেউ ক্ষমতার সংগে আল্লাহ্‌র ইচ্ছামত মুনাজাত করতে চায়, সে কালাম ও পাক-রূহের মধ্য দিয়ে তা করবার শক্তি পেতে পারে। ইফিষীয় ৬:১৭-১৮, ইবরানী ৪:১২-১৩

সব জাতির মধ্যে মসীহের দেহের সংগে সংযোগ গড়ে তোলা। মসীহের দেহ গড়ে তোলার জন্য বিভিন্ন জামাত ও খেদমতকারী প্রতিষ্ঠানের সংগে অংশীদার হওয়া আল্লাহ্‌র রাজ্যের অগ্রগতির জন্য দরকারী এবং তাতে মাবুদও খুশী হন। জবুর ১৩৩

আমরা আল্লাহ্‌কে শুকরিয়া জানাই,
যিনি আমাদের মুনাজাতের জবাব দেন,
যখন আমরা সততার সংগে বাধ্য হয়ে চলাকে বেছে নিই।

“...আমরা যা কিছু চাইব তা তাঁর কাছ থেকে পাব,
কারণ তিনি যে সব হুকুম দিয়েছেন
সেগুলো আমরা পালন করি এবং তিনি যে সব কাজে
সন্তুষ্ট হন আমরা তা-ই করি।” (১ ইউহোন্না ৩:২২)